

**REGIONAL NEWS UNIT  
ALL INDIA RADIO, AGARTALA**

**Date : 11-01-2025**

**Time: 07.35-07.40 AM Hrs**

**BENGALI MORNING BULLETIN**

---

**Governor Speech :**

রাজ্যপাল ইন্দ্রসেনা রেডি নাল্লু গতকাল রাজ্য বিধানসভার অধিবেশনে ভাষণ দেন। তিনি বলেছেন, কেন্দ্রীয় সরকারের সহযোগিতায় এবং রাজ্য সরকারের আন্তরিক প্রচেষ্টায় রাজ্যে স্বাস্থ্য, শিক্ষা, কৃষি, জনজাতি কল্যাণ সহ সব ক্ষেত্রেই অগ্রগতি হচ্ছে। রাজ্যপাল বলেন, সবকা সাথ সবকা বিকাশ নীতি হচ্ছে উন্নয়নের পথে সমাজের সকলস্তরের মানুষকে নিয়ে এগিয়ে চলার নীতি যা ত্রিপুরায় গভীরভাবে প্রতিফলিত হচ্ছে।

গত আগস্ট মাসে রাজ্যে বন্যায় ক্ষতিগ্রস্তদের মধ্যে সরকারী সাহায্যের কথাও উল্লেখ করেন রাজ্যপাল। সম্প্রতি ত্রিপুরা সরকার ও ভারত সরকার NLFT এবং ATTF-এর সঙ্গে সমরোতাপ্ত্র স্বাক্ষরের কথা উল্লেখ করে রাজ্যপাল বলেন, রাজ্য এখন শান্তিপূর্ণ রয়েছে।

গতকাল রাজ্যপালের ভাষনের মধ্য দিয়ে বিধানসভার শীতকালীন অধিবেশন শুরু হয়েছে।

\*\*\*\*\*

**C.M. College:**

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা বলেছেন, বিভিন্ন কলেজে অধ্যয়নরত ছাত্রছাত্রীদের গুণগত মানসম্পন্ন শিক্ষা প্রদানের জন্য বিশেষ উদ্যোগ নিয়েছে রাজ্য সরকার। এজন্য রাজ্যের কালেজগুলিতে অধ্যাপকের স্বল্পতা নিরসনের জন্য রাজ্য সরকার ২০০ জন সহকারী অধ্যাপক, ১২ জন পার্টটাইম শিক্ষক নিয়োগ সহ একাধিক গুরুত্বপূর্ণ পদক্ষেপ নিয়েছে। এছাড়া আরও ২০১

জন সহকারী অধ্যাপক নিয়োগের জন্য ত্রিপুরা পাবলিক সার্ভিস কমিশনে (TPSC) প্রস্তাব পাঠানো হয়েছে।

গতকাল রাজ্য বিধানসভার শীতকালীন অধিবেশনে এই তথ্য দেন মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা।

মুখ্যমন্ত্রীর বলেন, ত্রিপুরা রাজ্যে বর্তমানে ৩১টি সাধারণ ডিগ্রি কলেজ রয়েছে। এই সময়ে ৩১টি সাধারণ ডিগ্রি কলেজে মোট ৭২,০০৯ জন ছাত্রছাত্রী পড়াশোনা করছেন। কলেজগুলোতে পিজিটি, এসিস্ট্যান্ট প্রফেসর, এসোসিয়েট প্রফেসর ও প্রফেসর সহ মোট ৭৮৭ জন শিক্ষক রয়েছেন। সাধারণ ডিগ্রি কলেজগুলিতে ঘাটতি মেটাতে ২০১ জন এসিস্ট্যান্ট প্রফেসর নিয়োগের জন্য টিপিএসসি -এর কাছে একটি প্রস্তাব পানো হয়েছে। এছাড়াও রাজ্য সরকার সাধারণ ডিগ্রি কলেজগুলির জন্য আরও ২০০ জন সহকারী অধ্যাপক নিয়োগের সিদ্ধান্ত নিয়েছে।

মুখ্যমন্ত্রী ডাঃ সাহা আরো বলেন, রাজ্যের ৬টি সাধারণ ডিগ্রি কলেজে মাস্টার্স ডিগ্রি কোর্স শুরু হয়েছে। এজন্য ১২ জন পার্টটাইম শিক্ষক নিয়োগ করা হয়েছে।

\*\*\*\*\*

PM :

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি গতকাল জোর দিয়ে বলেছেন যে তিনি ২০৪৭ সালের মধ্যে বিকশিত ভারতের জন্য সমস্ত সমস্যার সমাধান চান। তিনি বলেন যে সরকারী প্রকল্পগুলিকে ১০০ শতাংশ সকলের কাছে পৌঁছে দেয়া উচিত এবং এটিই সামাজিক ন্যায়বিচার এবং ধর্মনিরপেক্ষতার আসল রূপ। নেতৃস্থানীয় উদ্যোক্তা নিখিল কামাত্থের সঙ্গে একটি সাক্ষাৎকারে, প্রধানমন্ত্রী একথা জানান। তিনি উল্লেখ করেন, মানুষ হিসেবে তিনি ভুল করতে পারেন, কিন্তু খারাপ উদ্দেশ্য নিয়ে তিনি কখনো ভুল করবেন না। প্রধানমন্ত্রী উল্লেখ করেন যে রাজনীতিতে সফল হতে

হলে অবশ্যই নিষ্ঠা ও প্রতিশ্রুতি থাকতে হবে, একটি ভালো দলের সদস্য হতে হবে এবং নিজেকে জনগণের জন্য উপলব্ধ করতে হবে।

\*\*\*\*\*

#### **Kumbhvani Channel :**

উত্তরপ্রদেশের মুখ্যমন্ত্রী ঘোগী আদিত্যনাথ গতকাল উত্তর প্রদেশের প্রয়াগরাজে মহাকুণ্ড ২০২৫ উপলক্ষে আকাশবাণীর কুণ্ডবাণী চ্যানেলের সূচনা করেন। মুখ্যমন্ত্রী আস্থা প্রকাশ করেন যে কুণ্ডবাণী শুধুমাত্র জনপ্রিয়তার নতুন উচ্চতায় পৌঁছোবে না, মহাকুণ্ডের চেতনাকে যারা মেলায় যোগ দিতে পারবেন না তাদের মধ্যে এবং প্রত্যন্ত গ্রামেও প্রসারিত করবে। ঘোগী আদিত্যনাথ বলেন, মহাকুণ্ড জাতি, ধর্ম ও বৈষম্যের উর্ধ্বে এবং ঐক্যের বার্তা ছড়িয়ে দেয়। এই উপলক্ষ্যে তিনি কুণ্ড মঙ্গল ধূনও প্রকাশ করেন।

তথ্য ও সম্প্রচার প্রতিমন্ত্রী ড. এল মুরগান অনুষ্ঠানে উপস্থিত ছিলেন।

\*\*\*\*\*

#### **Jagriti :**

নেশার বিরুদ্ধে সচেতনতা তৈরি, ভোক্তা অধিকার ও সড়ক নিরাপত্তা সম্বন্ধে ছাত্র ছাত্রীদের মধ্যে সচেতনতা গড়ে তোলার উদ্দেশ্যে রাজ্য সরকারের খাদ্য, পরিবহন ও উচ্চ শিক্ষা দপ্তরের যৌথ উদ্যোগে আয়োজিত জাগৃতি কর্মসূচী আজ থেকে শুরু হচ্ছে। কলেজ ও বিশ্ববিদ্যালয় স্তরে দক্ষিণ জেলা, গোমতী ও সিপাহীজলা জেলাভিত্তিক জাগৃতি কর্মসূচীর ক্যাইজ প্রতিযোগিতার আয়োজন করা হয়েছে আজ উদয়পুরের রাজষ্ঠী টাউন হলে।

\*\*\*\*\*

#### **Salaries :**

বিধানসভায় গতকাল বিধানসভার সদস্যদের বেতন- ভাতা সংক্রান্ত The Salaries, Allowances, Pension of the Minister, Speakers Deputy Speaker Leader of the Opposition, Govt. Chief Whip and Members of the Legislative Assembly the 9th amendment bill পেশ করা হয়।

এই বিলে মুখ্যমন্ত্রী, উপমুখ্যমন্ত্রী, মন্ত্রী, অধ্যক্ষ, উপাধ্যক্ষ, বিরোধী দলনেতা ও বিধানসভার সদস্যদের বেতন ভাতা বৃদ্ধির প্রস্তাব করা হয়েছে।

তাছাড়া তাদের পেনশন ও পারিবারিক পেনশন বৃদ্ধিরও প্রস্তাব করা হয়েছে।

\*\*\*\*\*

#### **Chesse Compitition:**

স্বামী বিবেকানন্দের জন্মজয়ন্তী উপলক্ষ্যে আয়োজিত উন্মুক্ত দাবা প্রতিযোগিতা গতকাল থেকে রাজধানীর শহর দক্ষিণাঞ্চলের উত্তর বাধারঘাট এলাকার স্বামী বিবেকানন্দ ক্লাবে শুরু হয়েছে। পাঁচ রাউন্ডের দুদিনের এই আসরের প্রথম দিনে তিন রাউন্ডের শেষে তিন জন দাবাড়ু ৩ পয়েন্ট নিয়ে শীর্ষে রয়েছেন। তার হলেন, কিংশুক দেবনাথ, অনুরাগ ভট্টাচার্য ও রাজবীর আহমেদ। আসরে ৩১ জন দাবাড়ু অংশ নেয়।

\*\*\*\*\*

#### **19 Women's Cricket :**

অনূর্ধ্ব ১৯ বছরের মেয়েদের জাতীয় ক্রিকেটের একদিনের সীমিত ওভারের আসরে গ্রুপের চতুর্থ খেলায় ত্রিপুরা প্রারজিত হয়েছে। গতকাল নাগপুরে অনুষ্ঠিত খেলায় কেরালা ১৯০ রানে রাজ্যদলকে হারিয়ে দেয়।

\*\*\*\*\*

#### **Weather:**

আজ দুপুর পর্যন্ত আবহাওয়ার পূর্বাভাসে জোনানো হয়েছে আকাশ  
সাধারণত পরিষ্কার থাকবে। তবে সকাল থেকে ঘন কুয়াশা রয়েছে।  
আগরতলায় আজ সকালে সর্বনিম্ন তাপমাত্রা ছিল ১২.৮ ডিগ্রি  
সেলসিয়াস। দিনের সর্বোচ্চ তাপমাত্রা থাকবে ২৫ ডিগ্রির  
কাছাকাছি।

\*\*\*\*\*

\*\*\*\*\*